

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪২

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে গোসত খেয়ে ওয়ু করেননি, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত ছিল না মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَكْلَ الَّذِي وَصَفْنَاهُ مِنَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّحْمَ الَّذِي لَمْ يَتَوَضَّاأُ مِنْهُ كَانَ ذَلِكَ لَحْمَ شَاةٍ لَا لَحْمَ إِبِلِ

আরবী

1142 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى امْرَأَةً مِنَ الْأَنْصَارِ فَبَسَطَتْ لَهُ عِنْدَ صَوْرٍ ورشَّت حَوْلَهُ وَذَبَحَتْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَكَلْنَا مَعَهُ ثُمَّ تَوَضَّا لِصَلَاةِ الظُّهْرِ فَصَنَعَتْ لَهُ طَعَامًا فَأَكَلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَكَلْنَا مَعَهُ ثُمَّ تَوَضَّا لِصَلَاةِ الظُّهْرِ فَصَلَى فَصَلَى فَقَالَتِ الْمَرْأَةُ: يَا رَسُولَ اللَّهِ قَدْ فَصَلَت عِنْدَنَا مِنْ شَاتِنَا فَصْلَةٌ فَهَلْ لَكَ فِي الْعَصْرَ وَلَمْ يَتَوَضَّاً.

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1142 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৪২. জাবির জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনসারী এক নারীর বাড়িতে আসেন। রাবী বলেন, "অতঃপর সেই নারী জোটবদ্ধ কিছু খেজুর গাছের নিচে তাঁর জন্য বিছানা বিছিয়ে দেন, তার চতুম্পার্শ্বে পানি ছিটিয়ে দেন এবং তাঁর জন্য একটি মেষ জবাই করেন। অতঃপর তিনি খান আমরাও তাঁর সাথে খাই। তারপর তিনি যোহরের সালাতের জন্য ওয়ু করেন অতঃপর সালাত আদায় করেন। তখন সেই নারী বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের কাছে মেষের আরো কিছু গোশত উদ্বৃত্ত আছে, আপনি কি রাতের খাবার খেয়ে নিবেন?" জবাবে তিনি বলেন, "হ্যাঁ, (নিয়ে আসুন)।" তারপর তিনি খান আমরাও তাঁর সাথে খাই। তারপর তিনি আসরের সালাত আদায় করেন কিন্তু (নতুন



করে) ওযূ করেননি ।"[1]

ফুটনোট

[1] আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৩৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন